গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলানগর,ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

## বিজ্ঞপ্তি

নং-৮০.২০০.০৫৬.০০.০০.০০৪.২০১৪-৬৭ তারিখ ঃ ০৩/০৪/২০১৪ ইং।

**ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট ও রংপুর কেন্দ্রে অনুষ্ঠিতব্য ৩৪তম বিসিএস-এর পদসংশ্লিষ্ট (Job related) বিষয়সমূহের লিখিত পরীক্ষার সময়সূচি ঃ**

| পরীক্ষার তারিখ ও দিবস | সময় ঃ সকাল ১০.০০ - দুপুর ১.০০টা | | সময় ঃ বিকাল ২.০০ - ৫.০০টা | |
|---|---|---|---|---|
| | পদসংশ্লিষ্ট বিষয়ের নাম ও বিষয় কোড | পত্র | পদসংশ্লিষ্ট বিষয়ের নাম ও বিষয় কোড | পত্র |
| ০৪/০৫/২০১৪ (রবিবার) | (১) মেডিকেল সায়েন্স (৭৭১) | ১ম পত্র | (১) ইংরেজী (১২১) | ১ম পত্র |
| ০৫/০৫/২০১৪ (সোমবার) | (১) মেডিকেল সায়েন্স (৭৭২) | ২য় পত্র | (১) ইংরেজী (১২২) | ২য় পত্র |
| ০৬/০৫/২০১৪ (মঙ্গলবার) | (১) রাষ্ট্রবিজ্ঞান (৩৪১)<br>(২) পশু পালন (৮৩১) | ১ম পত্র | (১) গণিত (৫৫১)<br>(২) মৎস্য (৮৫১) | ১ম পত্র |
| ০৭/০৫/২০১৪ (বুধবার) | (১) রাষ্ট্রবিজ্ঞান (৩৪২)<br>(২) পশু পালন (৮৩২) | ২য় পত্র | (১) গণিত (৫৫২)<br>(২) মৎস্য (৮৫২) | ২য় পত্র |
| ০৮/০৫/২০১৪ (বৃহস্পতিবার) | (১) হিসাব বিজ্ঞান (৭০১)<br>(২) তড়িৎ কৌশল (৮৯১) | ১ম পত্র | (১) রসায়ন (৫৩১)<br>(২) পরিসংখ্যান (৯৮১) | ১ম পত্র |
| ১০/০৫/২০১৪ (শনিবার) | (১) হিসাব বিজ্ঞান (৭০২)<br>(২) তড়িৎ কৌশল (৮৯২) | ২য় পত্র | (১) রসায়ন (৫৩২)<br>(২) পরিসংখ্যান (৯৮২) | ২য় পত্র |
| ১১/০৫/২০১৪ (রবিবার) | (১) কৃষি (৮০১)<br>(৩) দর্শন (২১১) | ১ম পত্র | (১) সমাজ বিজ্ঞান (৩৫১)<br>(২) পুরকৌশল (৮৮১ ) | ১ম পত্র |
| ১২/০৫/২০১৪ (সোমবার) | (১) কৃষি (৮০২)<br>(৩) দর্শন (২১২) | ২য় পত্র | (১) সমাজ বিজ্ঞান (৩৫২)<br>(২) পুরকৌশল (৮৮২) | ২য় পত্র |
| ১৪/০৫/২০১৪ (বুধবার) | (১) ডেন্টাল সায়েন্স (৭৯১)<br>(২) অর্থনীতি (৩৩১) | ১ম পত্র | (১) ব্যবস্থাপনা (৭৩১)<br>(২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(১৯১) | ১ম পত্র |
| ১৫/০৫/২০১৪ (বৃহস্পতিবার) | (১) ডেন্টাল সায়েন্স (৭৯২)<br>(২) অর্থনীতি (৩৩২) | ২য় পত্র | (১) ব্যবস্থাপনা (৭৩২)<br>(২) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি(১৯২) | ২য় পত্র |
| ১৭/০৫/২০১৪ (শনিবার) | (১) পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪১)<br>(২) পদার্থ বিদ্যা (৫১১) | ১ম পত্র | (১) বাংলা (১১১)<br>(২) ভূগোল (৩১১) | ১ম পত্র |
| ১৮/০৫/২০১৪ (রবিবার) | (১) পশু চিকিৎসা বিজ্ঞান (৮৪২)<br>(২) পদার্থ বিদ্যা (৫১২) | ২য় পত্র | (১) বাংলা (১১২)<br>(২) ভূগোল (৩১২) | ২য় পত্র |
| ১৯/০৫/২০১৪ (সোমবার) | (১) প্রাণি বিদ্যা (৫৯১)<br>(২) ইতিহাস (১৮১) | ১ম পত্র | (১) ফিন্যান্স ও ব্যাংকিং (৭১১)<br>(২) শিক্ষা (২২১)<br>(৩) কম্পিউটার সায়েন্স (৯৭১) | ১ম পত্র |

ক্রমশ/২

| | | | | |
|---|---|---|---|---|
| ২০/০৫/২০১৪ (মঙ্গলবার) | (১) প্রাণি বিদ্যা (৫৯২)<br>(২) ইতিহাস (১৮২) | ২য় পত্র | (১) ফিন্যান্স ও ব্যাংকিং (৭১২)<br>(২) শিক্ষা (২২২)<br>(৩) কম্পিউটার সায়েন্স (৯৭২) | ২য় পত্র |
| ২১/০৫/২০১৪ (বুধবার) | (১) উদ্ভিদ বিদ্যা (৫৮১)<br>(২) মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২১)<br>(৩) মনোবিজ্ঞান (১৭১) | ১ম পত্র | (১) সমাজ কল্যাণ (৩৬১)<br>(২) ফলিত পদার্থ (৫২১)<br>(৩) প্রাণ রসায়ন (৬০১)<br>(৪) ইসলামী শিক্ষা (২০১) | ১ম পত্র |
| ২২/০৫/২০১৪ (বৃহস্পতিবার) | (১) উদ্ভিদ বিদ্যা (৫৮২)<br>(২) মৃত্তিকা, পানি ও পরিবেশ বিজ্ঞান (৬২২)<br>(৩) মনোবিজ্ঞান (১৭২) | ২য় পত্র | (১) সমাজ কল্যাণ (৩৬২)<br>(২) ফলিত পদার্থ (৫২২)<br>(৩) প্রাণ রসায়ন (৬০২)<br>(৪) ইসলামী শিক্ষা (২০২) | ২য় পত্র |
| ২৪/০৫/২০১৪ (শনিবার) | (১) মার্কেটিং (৭২১)<br>(২) যন্ত্রকৌশল (৯০১)<br>(৩) আরবী (১৩১)<br>(৪) কৃষি অর্থনীতি (৮১১)<br>(৫) ব্যবসায় প্রশাসন (৭৪১)<br>(৬) চারুকলা (৪৬৯)<br>(৭) পালি (১৬১)<br>(৮) ফিকাহ (৪৫৭) | ১ম পত্র | (১) ফলিত রসায়ন (৫৪১)<br>(২) ইলেকট্রনিক্স (২৭১)<br>(৩) ফলিত গণিত (৫৬১)<br>(৪) গার্হস্থ্য অর্থনীতি (৩৯১)<br>(৫) গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান (৪১১) | ১ম পত্র |
| ২৫/০৫/২০১৪ (রবিবার) | (১) মার্কেটিং (৭২২)<br>(২) যন্ত্রকৌশল (৯০২)<br>(৩) আরবী (১৩২)<br>(৪) কৃষি অর্থনীতি (৮১২)<br>(৫) ব্যবসায় প্রশাসন (৭৪২)<br>(৬) চারুকলা (৪৭০)<br>(৭) পালি (১৬২)<br>(৮) ফিকাহ (৪৫৮) | ২য় পত্র | (১) ফলিত রসায়ন (৫৪২)<br>(২) ইলেকট্রনিক্স (২৭২)<br>(৩) ফলিত গণিত (৫৬২)<br>(৪) গার্হস্থ্য অর্থনীতি (৩৯২)<br>(৫) গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান (৪১২) | ২য় পত্র |

<u>পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলী</u> ঃ

১) প্রার্থীদের রেজিস্ট্রেশন নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। কোন প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ৬ ডিজিটের কম সংখ্যার হলে বামদিকের ঘর/ঘরগুলো ০ (শূন্য) দিয়ে পূরণপূর্বক রেজিস্ট্রেশন নম্বরের ডিজিটসমূহ (সংখ্যাসমূহ) উত্তরপত্রের প্রযোজ্য ঘরে কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে লিখে নীচের প্রযোজ্য বৃত্ত ভরাট করবেন।

২) পরীক্ষার জন্য পরীক্ষার্থীদের নামে নতুন করে কোন প্রবেশপত্র জারি করা হবে না। প্রিলিমিনারী (MCQ) টেস্টের জন্য জারিকৃত/প্রদত্ত প্রবেশপত্র লিখিত এবং মৌখিক পরীক্ষায় ব্যবহৃত হবে। কাজেই পরীক্ষার্থীদিগকে প্রিলিমিনারী (MCQ) টেস্টের জন্য জারিকৃত প্রবেশপত্র সাবধানতার সাথে সংরক্ষণ করতে হবে এবং প্রত্যেক পরীক্ষার দিন প্রবেশপত্রসহ পরীক্ষার হলে উপস্থিত হতে হবে। প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশাবলী অত্যন্ত মনোযোগের সাথে পড়তে এবং তদনুযায়ী অনুসরণ করতে হবে। **প্রবেশপত্র ছাড়া কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।**

৩) **পরীক্ষা কক্ষে বই পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার ইলেকট্রনিক্স যোগাযোগযন্ত্র আনা সম্পূর্ণ নিষিদ্ধ।** পরীক্ষার দিনসমূহে মোবাইল ফোনসহ কোন প্রার্থী পরীক্ষা হল চত্বরে প্রবেশ করতে পারবে না। পরীক্ষা হলে এবং মূল গেইটে নির্বাহী ম্যাজিস্ট্রেট ও পুলিশ এর উপস্থিতিতে মোবাইল ফোন বহনকারীদের বিরুদ্ধে তল্লাশী অভিযান পরিচালনা করা হবে। হলের মূল গেইট এবং পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর সাথে মোবাইল ফোন ও সাইন্টিফিক ক্যালকুলেটর বা কোন ইলেকট্রনিক্স যোগাযোগযন্ত্র পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে সংশ্লিষ্ট প্রার্থীকে হল থেকে বহিস্কার করা হবে এবং তার প্রার্থিতা বাতিল করা হবে। এছাড়া ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত যে কোন নিয়োগ পরীক্ষার জন্য উক্ত প্রার্থীকে অযোগ্য ঘোষণা করা হবে। কাজেই পরীক্ষার দিন কোনভাবেই মোবাইল ফোন বা কোন প্রাকার ইলেকট্রনিক্স যোগাযোগযন্ত্র সংগে না আনার জন্য প্রার্থীদেরকে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

ক্রমশ/৩

৪) **Admit Card** হারিয়ে গেলে/চুরি বা নষ্ট হয়ে গেলে এবং **User ID Password** ভুলে গেলে কমিশনের **Website** এর সংশ্লিষ্ট **Home page** এর **Admit Card Menu** তে ক্লিক করলে **User Recovery** ও **Password** বাটন দেখা যাবে। উক্ত বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে **Submit** করলে প্রয়োজনীয় এবং কাঙ্খিত তথ্যাবলী পাওয়া যাবে এবং **Admit Card download** করে প্রিন্ট করা যাবে।

৫) হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিঃ নম্বর এবং নামের পাশে প্রবেশপত্রের অনুরূপ তার ছবি এবং স্বাক্ষর মুদ্রিত থাকবে। পরীক্ষার শুরুতেই প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে; মিল না থাকলে উক্ত পরীক্ষার্থীকে বহিস্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬) লিখিত পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৭) পরীক্ষার দিনসমূহে জাতীয় পরিচয়পত্র সাথে রাখার জন্য পরীক্ষার্থীদেরকে অনুরোধ করা হলো। তবে এটি বাধ্যতামূলক নয়।

৮) অন-লাইনে প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য এবং বিজ্ঞাপনের ৭নং অনুচ্ছেদ অনুযায়ী প্রদত্ত ডিক্লারেশন এর ভিত্তিতে প্রার্থীকে প্রবেশপত্র প্রদান করা হয়েছে। বিজ্ঞাপনের ৭নং অনুচ্ছেদের শর্ত পূরণে ব্যর্থ হলে এবং বিজ্ঞাপনের ১৯নং অনুচ্ছেদের শর্তানুযায়ী প্রার্থীর আবেদনপত্রে কোন **Substantive** ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল হবে।

৯) এ পরীক্ষায় যেকোন রকম অসদুপায় অবলম্বনের জন্য পরীক্ষার্থীকে হল হতে বহিস্কার করা হবে। উল্লেখ্য যে, কোন প্রার্থী পরীক্ষায় নকল করলে বা অন্য কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে বিজ্ঞাপনের ৩২নং অনুচ্ছেদের সিদ্ধান্ত এবং পরীক্ষায় অপরাধমূলক আচরণের জন্য শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ নীতিমালা-২০০০ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া তাকে ভবিষ্যতে কমিশন কর্তৃক গৃহীত কোন পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না এবং কমিশন কর্তৃক বিজ্ঞাপিত অন্য কোন পদের জন্য তিনি আবেদন করতে পারবেন না। প্রয়োজনে মামলা দায়ের পূর্বক আইন প্রয়োগকারী সংস্থার হাতেও উক্ত পরীক্ষার্থীকে সোপর্দ করা হবে।

১০) ভুঁয়া প্রার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের প্রচেষ্টা গ্রহণকারীদের বিরুদ্ধে বিশেষ অভিযান চালানোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরীক্ষা কক্ষে পরিদর্শকগণ হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষরের সাথে প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রেজিঃ নম্বর এবং জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনে) পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রেজিঃ নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা এবং প্রার্থীর সাথে প্রবেশপত্র ও হাজিরা তালিকার ছবি অভিন্ন কিনা পরীক্ষান্তে তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন। হাজিরা তালিকায় পরিদর্শকের জন্য নির্ধারিত স্থানে পরিদর্শক স্বাক্ষর করবেন। প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং প্রবেশপত্র ও উত্তরপত্রের নাম ও রেজিঃ নম্বরের কোনরূপ গরমিলসহ অনিয়ম ধরা পড়লে সংশ্লিষ্ট কক্ষের পরিদর্শকের ও প্রধান পরিদর্শক/ম্যাজিস্ট্রেটের রিপোর্টের ভিত্তিতে প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১) ৩৪তম বিসিএস-এর প্রিলিমিনারি টেস্টে উত্তীর্ণ প্রতিবন্ধী প্রার্থীদের শ্রুতিলেখক বিষয়ে কমিশনের ২৬/০২/২০১৪ তারিখের ৮০.২০০.০৫৬.০০.০০.০০৪.২০১৪-৩৩ নং ৩৪তম বিসিএস এর আবশ্যিক বিষয়ের লিখিত পরীক্ষার সময়সূচির বিজ্ঞপ্তি মোতাবেক কমিশন কর্তৃক অনুমোদিত শ্রুতিলেখকসহ প্রতিদিন পরীক্ষা হলে উপস্থিত হতে হবে। কমিশনের পূর্বানুমোদন ছাড়া নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা বহির্ভূত কোন শ্রুতি লেখককে পরীক্ষা হলে গ্রহণ করা হবে না।

১২) ৩৪তম বিসিএস-এর লিখিত পরীক্ষা লিথোকোড পদ্ধতিতে অনুষ্ঠিত হবে বিধায় প্রচলিত খাতার ১ম পৃষ্ঠায় লিথো কোডের একটি কম্পিউটার ফরম সংযুক্ত থাকবে। উক্ত ফর্মের উপরে প্রার্থী কর্তৃক পূরণীয় প্রথম অংশটি প্রার্থীকে নিম্নোক্ত নির্দেশমতে পূরণ করতে হবে ঃ

<u>নির্দেশাবলী ঃ</u>

(১) নামের ঘরে প্রার্থীর আবেদনপত্রে এবং প্রবেশপত্রে উল্লেখ অনুযায়ী প্রার্থী তার নাম লিখবেন এবং স্বাক্ষরের ঘরে প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর করবেন। পরীক্ষার নামের ঘরে '**৩৪তম বিসিএস লিখিত পরীক্ষা**' এবং বিষয়ের ঘরে সংশ্লিষ্ট বিষয়ের নাম লিখবেন।

(২) পরীক্ষা কেন্দ্রের ঘরে প্রার্থীর জন্য প্রযোজ্য বৃত্তটি তিনি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

ক্রমশ/৪

(৩) রেজিঃ নম্বরের ঘরে প্রার্থীর প্রবেশপত্রে উল্লেখিত রেজিঃ নম্বরটি উপরের ঘরে লিখে নীচের সংশ্লিষ্ট বৃত্তগুলো কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৪) বিষয় কোডের ঘরে এই পরীক্ষাসূচীর প্রথমাংশে পদসংশ্লিষ্ট বিষয়ের নামের পাশে উল্লিখিত প্রার্থীর জন্য প্রযোজ্য তিন ডিজিটের কোড নম্বরটি প্রার্থী লিথোকোড ফর্মের 'বিষয় কোডের' ঘরের উপরের ফাঁকা অংশে লিখে নীচের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন। যেমন মেডিকেল সায়েন্স ১ম পত্র বিষয়ের কোড ৭৭১। সেক্ষেত্রে বিষয় কোডের ঘরে ৭৭১ লিখে নীচের কোডের সংশ্লিষ্ট ৩টি বৃত্ত পূরণ করতে হবে।

(৫) অতিরিক্ত খাতার ক্রমিক নম্বরের ঘরটি প্রযোজ্য সংখ্যা দিয়ে পূরণ করতে হবে। কোন প্রার্থী ১টি অতিরিক্ত খাতা নিলে প্রথম বৃত্ত, ২টি খাতা নিলে ২য় বৃত্ত এবং ৩টি খাতা নিলে ৩য় বৃত্তটি কাল কালির বল পয়েন্ট কলম দিয়ে পূরণ করবেন।

(৬) বিশেষভাবে উল্লেখ্য যে, **উত্তরপত্রের প্রথম** পৃষ্ঠায় সংযুক্ত লিথোকোড **ফর্মের প্রথম অংশে 'কেন্দ্র', রেজিঃ নম্বর, 'বিষয়কোড', 'অতিরিক্ত খাতার নম্বর'** এর ঘরে কোনরূপ কাটাকাটি করলে এবং লিথোকোড অংশে কোন দাগ দিলে উক্ত উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

(৭) সাদা মূল এবং অতিরিক্ত উত্তরপত্রে প্রার্থী তার নাম, রেজিঃ নম্বর ইত্যাদি কোনভাবেই লিখবেন না। লিখলে বা কোনরূপ চিহ্ন দিলে উত্তরপত্রটি বাতিল বলে গণ্য হবে।

**(৮) পদসংশ্লিষ্ট (Job related) বিষয়ের পরীক্ষার হল, আসন ব্যবস্থা পরবর্তীতে দৈনিক পত্রিকা এবং পিএসসি'র ওয়েবসাইট এর মাধ্যমে জানানো হবে।**

১৬/০৪/২০১৪
(মোঃ আলী নূর)
পরীক্ষা নিয়ন্ত্রক (যুগ্ম-সচিব)।

[পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]